

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২০৪৫
আগরতলা, ১৯ অক্টোবর, ২০১৯

প্রাণী সম্পদকে ভিত্তি করে রাজ্যে রোজগার সৃষ্টির উপর মুখ্যমন্ত্রীর গুরুত্ব আরোপ

প্রাণী সম্পদকে ভিত্তি করে রাজ্যে রোজগার সৃষ্টির উপর গুরুত্বারোপ করেছেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। আজ সচিবালয়ের ১নং কনফারেন্স হলে প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচির অগ্রগতি নিয়ে এক পর্যালোচনা সভায় মুখ্যমন্ত্রী এই ক্ষেত্রে কর্মসংস্থান সৃষ্টির যে সমস্ত সুবিধা রয়েছে তা কাজে লাগানোর জন্য সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দিয়েছেন। মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব ছাড়াও সভায় প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের মন্ত্রী সান্ত্বনা চাকমা, মুখ্য সচিব ইউ ভেঙ্কটেশ্বরলু, অতিরিক্ত মুখ্য সচিব কুমার অলক, প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের বিশেষ সচিব শৈলেন্দ্র সিং আলোচনায় অংশ নেন। পর্যালোচনা সভায় দুগ্ধ এবং ডিম উৎপাদন বাড়িয়ে রাজ্যকে স্বয়ংসম্পূর্ণ করে তোলার উপর বিশেষভাবে গুরুত্ব আরোপ করা হয়। মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব বলেন, শুধুমাত্র ডিম আমদানি করতে গিয়েই রাজ্যের বড় পরিমাণ অর্থ প্রতি বছর বহিঃরাজ্যে চলে যাচ্ছে। ডিমের উৎপাদন বাড়ানোর মধ্য দিয়ে রাজ্যের মানুষের কাছে এই অর্থ রাখা যাবে। এতে ডিমের উৎপাদন যেমন বাড়বে, তেমনি রোজগারের সুযোগও সৃষ্টি হবে। প্রাণী সম্পদ বিকাশ দপ্তরকে সেই অনুযায়ী কর্মসূচি নেওয়া প্রয়োজন বলে তিনি উল্লেখ করেন। তিনি বলেন, এজন্য দপ্তরের আধিকারিকদের দায়িত্ব স্থির করে অগ্রসর হতে হবে। বাড়তে হবে কাজের গতি। প্রয়োজনে নিতে হবে আধুনিক প্রযুক্তির সুবিধা। মুখ্যমন্ত্রী শূকরের মাংস প্রক্রিয়াকরণের উপরও গুরুত্বারোপ করে সংশ্লিষ্ট দপ্তরকে প্রয়োজনীয় উদ্যোগ নিতে বলেন। বৈঠকে তিনি গোমতী কো-অপারেটিভ মিল্ক প্রডিউসার্স ইউনিয়ন লিমিটেডের উৎপাদিত আইসক্রীমের স্বাদে রাজ্যের কুইন আনারস ব্যবহার করার জন্য উদ্যোগ নিতে পরামর্শ দেন। পাশাপাশি গুণগতমান যাতে বজায় থাকে সেই বিষয়েও নজর রাখা প্রয়োজন বলে মুখ্যমন্ত্রী অভিমত ব্যক্ত করেন। তিনি বলেন, আইসক্রীমের ব্র্যান্ডিং এবং উপস্থাপনা উন্নীতকরণের পাশাপাশি প্রচারের দিকটিও দেখা আবশ্যিক। এর মাধ্যমে মানুষ এর প্রতি আকৃষ্ট হবে। সরকারী বিভিন্ন অনুষ্ঠানে গোমতী ডেয়ারীর তৈরী দুগ্ধজাত সামগ্রী ব্যবহারের বিষয়ে মুখ্যমন্ত্রী আলোকপাত করেন। তিনি প্রাণী সম্পদ বিকাশ দপ্তরকে বিভিন্ন গবাদি পশু ও উৎপাদিত সামগ্রী নিয়ে একটি বড় ধরনের মেলার আয়োজন করার পরামর্শ দেন।

এদিনের পর্যালোচনা সভায় প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের অধিকর্তা দিলীপ কুমার চাকমা সর্বশেষ সভায় গৃহিত বিভিন্ন সিদ্ধান্তের প্রেক্ষিতে যে সব পদক্ষেপ নেওয়া হয়েছে তা উপস্থাপন করেন। তিনি বলেন, ডেয়ারী এন্ট্রাপ্রেনারশিপ ডেভেলপমেন্ট প্রকল্পের আওতায় ২৭৪ জন

*****২য় পাতায়

(২)

সুবিধাভোগীকে ব্যাক্স ঋণের জন্য অনুমোদন দেওয়া হয়েছে এবং আরও ৬৫০ জন সুবিধাভোগীর ঋণের আবেদন মঞ্জুর করার প্রক্রিয়া চলছে। নার্বাডের মাধ্যমে ভর্তুকীতে এই ঋণের ব্যবস্থা করা হচ্ছে। তিনি জানান, বর্তমান রাজ্য সরকারের সময়কালে গোলাঘাটি এবং বামুটিয়া ব্লকের দুর্গাবাড়ীতে দুটি কমার্শিয়াল লেয়ার ফার্ম শুরু হয়েছে। যেখানে ১০ হাজার লেয়ার মুরগী রয়েছে এবং প্রতিদিন ডিম দিচ্ছে। এছাড়াও ডুকলী ব্লকে নেষ্টা প্রোটিন প্রাইভেট লিমিটেড নতুন একটি ফিড মিক্সিং প্ল্যান্ট চালু করেছে। এ প্রসঙ্গে মুখ্যমন্ত্রী রাজ্যের এ ধরনের বেসরকারী উদ্যোগীদের চিহ্নিত করে তাদের প্রয়োজনীয় সহায়তা করার জন্য দপ্তরকে এক বছরের কর্মপরিকল্পনা তৈরি করার জন্য উদ্যোগ নিতে বলেন। বৈঠকে মেলাঘরের রুদ্রসাগরের পাশাপাশি ডম্বুর জলাশয়ে হাঁস বিতরণের বিষয়টি আলোচনায় প্রাধান্য পায়। বৈঠকে দপ্তরের অধিকর্তা শ্রীচাকমা জানান, এখন পর্যন্ত ১৭৬ জন গো-প্রজনন কর্মী কৃত্রিম প্রজননের কাজে নিয়োজিত রয়েছেন। আরও ৩৬ জন প্রশিক্ষণপ্রাপ্ত গো-প্রজনন কর্মীদের কৃত্রিম প্রজননের উপর প্রশিক্ষণ এবং প্রয়োজনীয় সরঞ্জাম দেওয়া হয়েছে। আরও ৫০ জনের প্রশিক্ষণ চলতি বছরের ১ নভেম্বর থেকে শুরু হবে। অধিকর্তা শ্রীচাকমা জানান, গান্ধীগামের আর কে নগরে ছয় হেক্টর এলাকায় মরিঙ্গা গাছের চাষ শুরু হয়েছে। এই মরিঙ্গা গাছের বিষয়বস্তুর উপর একটি নোট তৈরি করার জন্য সংশ্লিষ্ট দপ্তরকে নির্দেশ দেন মুখ্যমন্ত্রী শ্রীদেব। বৈঠকে ছাগল প্রজনন প্রকল্পে ৪১৪টি সিরোহী প্রজাতির ছাগল বিলির প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন নির্দিষ্ট এলাকা চিহ্নিত করে ক্লাস্টার পদ্ধতির মাধ্যমে এই প্রজাতির ছাগল বিলি করা প্রয়োজন। তাতে করে পর্যবেক্ষণ এবং রক্ষণাবেক্ষণ করাও সুবিধা হবে। আলোচনাচক্রমে রাজ্যে মহিষের সংখ্যা বৃদ্ধি করার বিষয়টিও প্রাধান্য পায়। এদিনের বৈঠকে দুগ্ধ, মাংস ও ডিম ক্ষেত্রগুলির মূল কার্যাবলির উপর বিস্তারিত আলোচনা করা হয়। বৈঠকে প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের অন্যান্য পদস্থ আধিকারিকগণ ছাড়াও গোমতী কো-অপারেটিভ মিল্ক প্রডিউসার্স ইউনিয়ন লিমিটেডের প্রতিনিধি উপস্থিত ছিলেন।
